

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং- ১১৭


তারিখঃ ২৬/১২/২০২১ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় “প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প” এর কার্যক্রম বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে উপজেলা পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং খামারীদের ঘাস চাষে উৎসাহকরণ, প্রশিক্ষণ প্রদান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্প সংশ্লিষ্ট কাজের নিমিত্ত প্রকল্প চলাকালীন সময়ের জন্য ০১(এক) জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নিয়োগ করা হবে। নিম্নোক্ত শর্তাবলী পূরণ করে এমন প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (২কপি), জাতীয়তা, মোবাইল নম্বর, এন আইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সম্বলিত তথ্যসহ দরখাস্ত আহবান করা হলো। আগ্রহীদের আগামী ০২/০১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত অফিস চলাকালীন সময়ে জমা দানের জন্য বলা হলো।

যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

১. সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান পাশ হতে হবে।
৩. প্রার্থীর বয়স ২০-৪৫ বছর এর মধ্যে হতে হবে।
৪. পুরুষ/ মহিলা উভয়েই কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসেবে আবেদন করতে পারবে।
৫. বাংলা পড়া ও লেখায় দক্ষ হতে হবে এবং প্রার্থীকে অবশ্যই কর্মঠ, উদ্যোগী ও নেতৃত্বের গুণাবলী সম্পন্ন হতে হবে।
৬. ছাত্র-ছাত্রী বা কোন প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তি কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) পদে নিয়োগ প্রদান করা হবে না। সার্বজনিক অন্য পেশায় জড়িতদের কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) পদে আবেদনের প্রয়োজন নেই।
৭. আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃতস্থ ব্যক্তি কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) পদে অযোগ্য বলে বিবেচিত হবে।
৮. প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) এর উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের মানসিকতা থাকতে হবে।
৯. অন্য প্রকল্পে কর্মরত কোনো ব্যক্তি আবেদন করতে পারবেন না।
১০. ডিপিপির সংস্থান মোতাবেক ভাতা/পারিশ্রমিক উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তত্ত্বাবধানে প্রকল্পের নিয়ম-কানুন ও নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ৩০০/- নন- জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসাবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সাথে সম্পৃক্ত হতে আগ্রহী হতে হবে।


২৬.১২.২১
(ডাঃ মোহাম্মদ কামরুজ্জামান)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

ও

সদস্য সচিব

“প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ
সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প”
কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA)
নিয়োগ ও মনিটরিং কমিটি।

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো।

- ১। উপজেলা নিবাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ২। উপজেলা কৃষি কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

অনুলিপিঃ

- ১। নোটিশ বোর্ড।
- ২। অফিস কপি।